Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই পৌষ বুধবার ১৩৬৩ ইংরাজী 2nd Jan. 1957 | ৩২শ সংখ্যা।


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৪ই জানুয়ারী ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

২৬২ থাং ডিঃ কানাইলাল রায় দিং দেং রামা মাহাতো দিং দাবি ১১॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ৫০ শতকের কাত ৩৮৵০ আঃ ১০৲ খং ২৪ কোর্ফা স্বত্ব

২৬৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৸৶০ মৌজাদি ঐ ৮ শতকের কাত ।৵৩ আঃ ৩৲ খং ৯৪ ঐ স্বত্ব

৩৩৩ থাং ডিঃ অশ্বিনীকুমার রায় দেং ছকু সেখ দিং দাবি ২৬৸৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ১০০ শতক মধ্যে ৫০ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ৩২১, ৩৫৩, ৩৫১ কোর্ফা স্বত্ব

৩০ মনি ডিঃ মহাম্মদ মুসা মণ্ডল দিং দেং খলিল সেখ দাবি ২০৫৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ৫ শতকের কাত ১।৵০ তন্মধ্যে ⅓ অংশে হারাহারি মতে ।৶৩ পাই আঃ ২৫৲ খং ২৭১ দখলকার বসত প্রজা

৬৬ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং দোস্তমহাম্মদ মণ্ডল দিং দাবি ৬৭॥/০ থানা সুতী মৌজে নুরপুর ৮/১৮ জমির কাত ৮॥৶৬ আঃ ৫০৲ খং ১১২ রায়ত স্থিতিবান স্বত্ব

১৫৭ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং ফুদনবালা দাসী দিং দাবি ২৪।/১০ থানা সুতী মৌজে বামুহা ৬২ শতকের কাত ২।৵০ আঃ ১০৲ খং ১৬১ রায়তী স্থিতিবান স্বত্ব

১৪২ থাং ডিঃ ঐ দেং মৌলবী মহাম্মদ হোসেন দাবি ১৪॥/৬ থানা ঐ মৌজে বাহাগলপুর আঃ ৫৲ খং ৩১৯ ঐ স্বত্ব





হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই পৌষ বুধবার সন ১৩৬৩ সাল।

# কালের খেলা

—•—

মহাপণ্ডিত শঙ্করাচার্য্য তাঁহার মোহমুদ্গরে লিখিয়া গিয়াছেন—

"কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ু
স্তদপি ন মুঞ্চত্যাশা বায়ুঃ।"

অর্থ—কাল খেলা করিতেছে, আমাদের আয়ু গত হইতেছে, তবুও আশা বায়ু আমাদিগকে ছাড়িয়া যায় না।

এ জগতে সকলেই আশার মোহিনী মায়ায় সমাচ্ছন্ন। নিঃস্ব ব্যক্তি হইতে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর পর্য্যন্ত সকলেই দুর্জ্জয় আশার বশবর্ত্তী। প্রাচীন কবি বলিয়াছেন—

নিঃস্বোঽপ্যেক শতং শতী দশ শতং, লক্ষং সহস্রাধিপো
লক্ষেশঃ ক্ষিতিপালতাং ক্ষিতিপতিশ্চক্রেশতাং কাঙ্ক্ষতি।
চক্রেশঃ সুররাজতাং সুরপতি ব্রহ্মাস্পদং বাঞ্ছতি
ব্রহ্মা বিষ্ণুপদং হরি শিবপদং তৃষ্ণাবধিং কো গতঃ॥

অর্থ—শত মুদ্রা ইচ্ছা করে যে জন নির্ধন,
পেলেও শতেক মুদ্রা সহস্রে মনন!
সহস্র পে'লেও হ'তে চায় লক্ষপতি,
লক্ষপতি চায় পুনঃ হইতে নৃপতি!
নৃপতির ইচ্ছা করে হই চক্রেশ্বর,
চক্রেশ্বর ইচ্ছা করে হই পুরন্দর!
পুরন্দর ব্রহ্মপদ, ব্রহ্মা বিষ্ণুপদ,
বিষ্ণুও বাসনা করে শিবের সম্পদ!
যত পায়, তত চায়, তবু ইচ্ছা করে,
হায়রে দুরাশা! তোর পেট নাহি ভরে!

কালের খেলার খেলনাই এই জগৎটা। কাল কখনও কাহারও জন্য অপেক্ষা করে না। কাল-স্রোত আর নদীস্রোত নিয়ত প্রবাহিত হইয়া চলিয়াছে। ইংরাজীতেও বলে—"টাইম্ এণ্ড টাইড্ ওয়েট্ ফর্ নো ম্যান্।" পূর্ব্বে শিশুপাঠ্য পুস্তকে এই কালস্রোত আর জলস্রোত সম্বন্ধে কবিতা ছাত্র-দের আবৃত্তি করিতে হইত।

"নদী আর কালগতি একই প্রমাণ,
অস্থির প্রবাহে করে উভয়ে প্রয়াণ।
ধীরে ধীরে নীরব গমনে গত হয়,
কিবা ধনে কি স্তবনে ক্ষণেক না রয়।
উভয়েই গত হ'লে আর নাহি ফিরে
দুস্তর সাগর শেষে গ্রাসে উভয়েরে।
সর্ব্ব অংশে একরূপ যদিও উভয়,
চিন্তারত চিত্তে এক ভেদ জ্ঞান হয়।
বিফলে না বহে নদী, যথা নদী ভরা
নানা শস্য-শিরোরত্নে হাস্যময়ী ধরা।
কিন্তু কাল সদাস্ব-ক্ষেত্রের শোভাকর,
উপেক্ষায় রেখে যায় মরু ঘোরতর।

নদী আর কাল উভয়েই কাহারও জন্য থামে না, নদীর উপকারিতা শুধুই পাওয়া যায় কারণ কেহ কোন চেষ্টা না করিয়াও নদীর তীরবর্ত্তী জমির উর্ব্বরতার ফল প্রাপ্ত হয়। কালের সদ্ব্যবহার না করিয়া আলস্যে কাটাইলে সে কোনও সুফল প্রদান করে না। গত ৩১শে ডিসেম্বর ১৯৫৬ খৃষ্টাব্দ চিরতরে মহাকালের সহিত মিশিয়া গেল। ১৯৫৭ অব্দেরও আজ দুই দিন গত হইল। কেবল মাত্র আশা করিলেই ফল মিলে না, উদ্যোগ ও শ্রমের দ্বারা সময়ের সদ্ব্যবহার না করিলে সুফল পাওয়া দূরের কথা কুফলই ফলিয়া থাকে।

জীবনের প্রথম কালের নাম বাল্যকাল, দ্বিতীয় কালের নাম যৌবন, তৃতীয় কালের নাম প্রৌঢ় কাল ও চতুর্থ কালের নাম বার্দ্ধক্য বা বৃদ্ধ কাল। পণ্ডিতেরা বলিয়াছেন—

প্রথমে নার্জিতা বিদ্যা
দ্বিতীয়ে নার্জিতং ধনং।
তৃতীয়ে নার্জিতং পুণ্যং
চতুর্থে কিং করিষ্যতি।

---

## যোগ্যতার লড়াই

১৯৫৭ খৃষ্টাব্দ আসিবা মাত্র দেশে আবার সাধারণ নির্ব্বাচনের সাড়া পড়িয়া গিয়াছে। ১৯৪৭ অব্দে ভারত স্বাধীনতা পাইয়াছে। শাসনের ভার স্বাধীনতার সঙ্গে সঙ্গে কংগ্রেস দলভুক্ত ব্যক্তিরা পাইয়াছিলেন। প্রথম সাধারণ নির্ব্বাচনে কংগ্রেস-কে পরাস্ত করিয়া অন্য দলীয়েরা শাসনভার পাইবার জন্য খুব চেষ্টা করিয়া বিফল মনোরথ হন। তবে কংগ্রেস জয় লাভ করিলেও সব কংগ্রেসী সাফল্য লাভ করে নাই। কেউ কেউ নাছোড়বান্দা হইয়া পরাজয় উপেক্ষা করিয়া কর্ত্তাভজার গুণে পরীক্ষায় ফেল ছেলের কম্পার্টমেণ্টাল দিয়া দুধের স্বাদ ঘোলে মিটাইয়া এম. এল. এ. খেতাবে বঞ্চিত হইয়া এম. এল. সি. হইয়া শাসন সাধ ও শাসন-স্বাদ দুইই উপভোগ করিয়া আবার ভোট যুদ্ধে নামিবার পাঁয়তাড়া করিতেছেন। এম. পি. হইতে না পারিয়া শেষ অবধি করুণা প্রাপ্ত হইয়া এম. এল. এ. সাজিয়া উপনির্ব্বাচনে শোধিত এম. এল. এ হইয়া পদগৌরবে সমৃদ্ধ হইয়া এবার আবার এম. পি. হইবার জন্য তৈরী হয়েছেন। কত এম. পি. কুমোরের কুয়ো খোঁড়া কাজে যে যত নীচে নামে তার তত উন্নতির মত এম. পি. ছেড়ে এম. এল. এ. হবার প্রয়াস পাইতেছেন। কত লোক নির্ব্বাচনে দাঁড়াবেন তবে ভাগ্য অনুসারে কারো নির্ব্বাচন, কারো নির্ব্বাসন হইলেও দুরাশাগ্নি নির্ব্বাপণ হইবে না।

---

## পশ্চিমবঙ্গ মুদ্রক সম্মেলন

পশ্চিমবঙ্গ মুদ্রক সম্মেলনের দ্বিতীয় অধিবেশন আগামী ১৩ই জানুয়ারী কৃষ্ণনগরে অনুষ্ঠিত হইবে। এই অনুষ্ঠানের উদ্বোধন করিবেন আনন্দবাজার, হিন্দুস্থান ও দেশ পত্রিকার প্রধান পরিচালক শ্রীঅশোককুমার সরকার, সভাপতিত্ব করিবেন নিখিল ভারত মুদ্রক ফেডারেশনের সহঃ-সভাপতি ও কলিকাতা এসোসিয়েশন অব মাষ্টার প্রিণ্টারের সম্পাদক শ্রীশৈলেন্দ্রনাথ গুহ রায় এবং প্রধান অতিথির আসন গ্রহণ করিবেন কালকাতা এসো-সিয়েশন অব মাষ্টার প্রিণ্টারের সভাপতি শ্রীদ্বারিকা-নাথ ধর।

শ্রীমতী ইলা পাল চৌধুরীর সভানেতৃত্বে এক শক্তিশালী অভ্যর্থনা সমিতি গঠিত হইয়াছে। প্রতিনিধি চাঁদা দুই টাকা, অভ্যর্থনা সমিতির সদস্যের

চাঁদা পাঁচ টাকা স্থির হইয়াছে। চাঁদা ও প্রস্তাবাদি ভারতী ভবন, কৃষ্ণনগর, নদীয়া ঠিকানায় পাঠাইতে হইবে।

---

## পোষ্ট-অফিস সেভিংস ব্যাঙ্ক একাউণ্ট

ডাক ও তার বিভাগের ডাইরেক্টার জেনারেল জানাইতেছেন যে, গত বৎসর (১৯৫৫)—এর ২রা জানুয়ারী হইতে কলিকাতা, বোম্বাই এবং মাদ্রাজ জেনারেল পোষ্ট অফিস এবং নয়া দিল্লী হেড পোষ্ট অফিসের সেভিংস একাউণ্ট হইতে ডিপোজিটার-গণকে সপ্তাহে দুইবার করিয়া টাকা তুলিয়া লইবার যে সুবিধা দেওয়া হইতেছে এখন হইতে কলিকাতা, বোম্বাই এবং মাদ্রাজের সকল পোষ্ট অফিসেই এই সুবিধা দেওয়া হইবে। তবে এক হাজার টাকার অধিক তুলিতে হইলে সাত দিনের নোটীশ দিতে হইবে। (প্রেস-নোট)

---

## পরলোকগমন

গত ১৩ই পৌষ শুক্রবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত রাজানগর নিবাসী মহেন্দ্রনাথ দাস মহাশয় বার্দ্ধক্যজনিত রোগে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৪ বৎসর হইয়াছিল। তিনি দুই পুত্র ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

# হারাইয়াছে

—•—

আমি খুলনা জজ কোর্টের প্রসেসসারভার ছিলাম। গত ইং ১৬/৯/৫২ তারিখে অবসর গ্রহণ করিয়া রাজসাহি ট্রেজারী হইতে ৩৫০৬নং পেনশন রোল লইয়া পেনশনের টাকা আনিতাম। আমার অসাবধানতা বশতঃ উক্ত নং পেনশন রোল বহিখানি গত ২৯/১২/৫৬ তারিখে রঘুনাথগঞ্জ টাউনে হারাইয়া গিয়াছে। যদি কেহ পাইয়া থাকেন অনুগ্রহপূর্ব্বক এই গরীবকে বহিখানি দিবেন। আমি পুরস্কার স্বরূপ তাঁহাকে ১০৲ টাকা দিব।

শ্রীআফজল হোসেন সেখ, গ্রাম সুজাপুর,
থানা ও পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ।

## বনভোজন

॥ শ্রীসু-মো-দে ॥

আমরা ছেলে মেয়েরা সব
করছি মিলে বনভোজন,
মোদের যত ভাইবোনেরা
জানাই সবে নিমন্ত্রণ।

ঠাণ্ডা শীতে হিমবাতাসে
চড়ুই ভাতি পৌষ মাসে,
ভাগীরথীর পুণ্য তীরে
জঙ্গল ঝোপে মিলেছি তাই,

কুটনো কুটো বোনেরা সব
কাঠ যোগাড়ে ভাইরা যাই।

আজকে মেনু—ভুনো খিচুড়ি
ডালনা ভাজা পায়েস পুরি,
দিদিরা সব রাঁধতে বসো
দাদারা যাও আনতে জল,

ছোটরা সব মুখর করি
নৃত্য গীতে বনস্থল।

গাছে পাতায় বনে স্থলে
সূয্যি মামা কিরণ দিয়ে,
শীতালু নাশ সবার করে
বনভোজনে অংশ নিয়ে।

---

## সাবধান

১৯৫৭ সালের গত ১লা জানুয়ারী হইতে বালক ধূমপায়ীদের অতঃপর নাকালের চূড়ান্ত হইতে হইবে। বাপ-মা-অভিভাবকের রক্তচক্ষু অথবা উদ্যত সম্মার্জ্জনী এড়াইয়া রাস্তাঘাটে ভীড়ের আড়ালে যাহোক যতটুকু-বা ধূমপানের আনন্দ উপভোগ করা যাইতেছিল তাহাও বন্ধ হইল। পশ্চিমবঙ্গ সরকার ১৯৫৭ সালের ১লা জানুয়ারী হইতে রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে শিক্ষা প্রতিষ্ঠানে ধূমপানরত ষোল বৎসরের অনধিক বয়স্ক বালকের নিকট প্রাপ্ত সকল রকম তামাক নষ্ট করিয়া ফেলিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২১শে জানুয়ারী ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

১৫৪ খাং ডিঃ বিজনকুমার পাঁড়ে দিং দেং আবদুল হোসেন দিং দাবি ১৪॥৶৩ পাই থানা সমসেরগঞ্জ মৌজে অম্বিতনগর ২৯ শতকের কাত ॥০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান স্বত্ব

২০৬ খাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং বন্যেশ্বরী দেবী দাবি ১৫৪৶৯ পাই থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১৯-৪০ শতকের কাত ১৩২।৶১ আঃ ১০০৲ খং ৩০১ রায়ত স্থিতিবান

১৬০ খাং ডিঃ শ্যামাপদ মুখোপাধ্যায় দেং মেরাজুদ্দিন মণ্ডল দাবি ৫৩৲৬ পাই থানা সাগরদীঘি মৌজে নাচনা ২-১১ শতকের কাত ১০৲ আঃ ৩০৲ খং ১৪

১০৩ খাং ডিঃ আইজাননেসা বিবি দেং নফেল সেথ দাবি ৩৯॥৶৩ পাই থানা সাগরদীঘি মৌজে গাজাড্ডা ১-৬৯ শতকের কাত ৬॥০ আঃ ২৫৲ খং ২০৮

২০১ খাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং শ্যামাপদ সাহা দাবি ১৩/৬ পাই থানা সাগরদীঘি মৌজে চক সিহারা ১-৩৯ শতকের কাত ১॥০ আঃ ২৲ খং ২১ রায়ত স্থিতিবান

২৩ মনি ডিঃ গোবিন্দলাল প্রামাণিক দিং দেং নাবের সেখ দাবি ৩৭৩৸৶০ থানা সাগরদীঘি মৌজে আথুয়া ৩৯ শতকের কাত ১/৩ আঃ ১৫৲ খং ৬৫ রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে বেলাই-পাড়া ৬৪ শতকের কাত ২৸১০ আঃ ৩০৲ ঐ স্বত্ব ৩নং লাট থানা ঐ মৌজে খৈরাটী ৯৯ শতকের কাত ৪।৶১০ আঃ ৪০৲ খং ১৬৪ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ২০০ শতক মধ্যে ৬৭ শতকের কাত ৮।৶৬ মধ্যে হারাহারি জমা ২৸১০ আঃ ৩০৲ খং ১৩৪ ঐ স্বত্ব

১৫৫ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দেং সুশীলা-সুন্দরী দেবী দাবি ১৯।/০ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ১-২৬ শতকের কাত ৭৸৶৭॥০ আঃ ১০৲ খং ১৭১

২১৫ খাং ডিঃ রাজবাই বর্ম্মণ্যা দেং এজমহম্মদ সেথ দিং দাবি ১৮॥৶৩ পাই থানা সাগরদীঘি মৌজে সেঁকা পুকুরিয়া ১৬ শতকের কাত ১৶২ আঃ ৫৲ খং ৪৬

---



"মুখের পানে চাহিনু অনিমেষে
বাজিল বুকে সুখের মত ব্যথা।
মেঘের মত গুচ্ছ কেশরাশি
শিথান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে
জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য
বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য
করবে।

# জবাকুসুম

কেশ তৈল

## সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CKJ.3BE.56

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রাগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ।৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরীচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত